অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/24/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল কিশোরদের অতি গুরুত্বপূর্ণ মানসিক স্বাস্থ্য সেবার সমর্থনে প্রায় 90 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করলেন

ক্যাপিটাল রিজিয়ন, সেন্ট্রাল নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস, হাডসন ভ্যালি, নর্থ কান্ট্রি এবং সাউদার্ন টিয়ারে নতুন সেবা

জটিল মানসিক স্বাস্থ্য সমস্যাসহ কিশোরেরা এক-এক সমর্থন ও সেবা লাভ করবে যা শিশু ও পরিবারের জন্য স্থিতিশীলতা প্রদান করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে জটিল মানসিক স্বাস্থ্য সমস্যায় আক্রান্ত কিশোরদের অতি গুরুত্বপূর্ণ সমর্থন প্রদানকারী সেবা প্রতিষ্ঠা করতে পুরো স্টেটের ছয়টি সেবাদানকারীকে সাহায্য করার জন্য পাঁচ বছরে প্রায় 90 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হবে। স্টেটের মানসিক স্বাস্থ্য অফিস (Office of Mental Health, OMH) পরিচালিত সঙ্কটকালীন সময়ের ক্রান্তিকালীন কর্মসূচিটি (Critical Time Transition Program) এক-এক সমর্থন ব্যবহার করতে, শিশু ও তাদের পরিবারকে স্থিতিশীলতা প্রদান করতে, এবং শিশুকে জরুরি বিভাগে বা সাইকিয়াট্রিক জরুরি কর্মসূচিতে অনেকদিন থাকতে হওয়ার ঘটনা এড়াতে 11 থেকে 17 বছর বয়সী কিশোরদের সাহায্য করার সেবাদান করবে।

"এইসব কর্মসূচিতে বিনিয়োগ করার মাধ্যমে আমরা জটিল মানসিক স্বাস্থ্য সমস্যাসহ আরো বেশি শিশুদেরকে তাদের প্রয়োজনীয় সেবা দিয়ে সাহায্য করতে পারবো," **গভর্নর হোকল বলেন।** "পুরো স্টেটে স্থানীয়ভাবে, এবং কিছু ক্ষেত্রে বাড়ির মতো পরিবেশে এক-এক সমর্থনের বিকল্প, যেখানে তারা নিরাময়ের জন্য প্রয়োজনীয় মাত্রার সেবা পেতে পারবে, তা প্রদান করার মাধ্যমে এই সমস্যার সমাধানে নিউ ইয়র্ক স্টেট একটি নতুন পন্থা অবলম্বন করেছে।"

নিম্নলিখিত ছয়টি সেবাদানকারীর প্রত্যেককে পাঁচ বছরের জন্য OMH আনুমানিক 14.5 মিলিয়ন মার্কিন ডলার অর্থাৎ সকল সেবাদানকারীর জন্য মোট প্রায় 90 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে। এর মধ্যে রয়েছে কর্মসূচিটির কাজ শুরু করার জন্য তাৎক্ষণিক সমর্থন প্রদান করতে সাহায্য করার জন্য প্রত্যেক সেবাদানকারীর জন্য 100,000 মার্কিন ডলার স্টার্টআপ তহবিল।

- স্কেনেকট্যাডি কাউন্টির নর্থইস্ট প্যারেন্ট অ্যান্ড চাইল্ড (Northeast Parent and Child)
- ওনোন্ডাগা কাউন্টির অ্যাক্সেস CNY (ACCESS CNY)
- মনরো কাউন্টির হিলসাইড (Hillside)

- অরেঞ্জ কাউন্টির রিহ্যাবিলিটেশন সাপোর্ট সার্ভিসেস (Rehabilitation Support Services)
- এসেক্স কাউন্টির এসেক্স কাউন্টি ARC (Essex County ARC)
- ব্রুম কাউন্টির ওয়াইয়োমিং কনফারেন্স চিলড্রেন্স হোম (Children's Home of Wyoming Conference)

এই ছয়টি সেবাদানকারী সঙ্কটকালীন সময়ের হস্তক্ষেপ ব্যবহার করবে, এটি একটি প্রমাণভিত্তিক অনুশীলন যা ক্রান্তিকালীন সময়কালে ব্যক্তিদের জন্য সমর্থন সচল করে। এই সমর্থনের মধ্যে রয়েছে মানসিক স্বাস্থ্য এবং আচরণগত চিকিৎসা; পারস্পরিক এবং পুনর্বাসনমূলক দক্ষতার প্রশিক্ষণ; ভোকেশনাল এবং শিক্ষামূলক পরিকল্পনা; নিবিড় পরিবার বা কেয়ারগিভারের শিক্ষা; সকল স্টেকহোল্ডার এবং সেবাদানকারীর মধ্যে সমন্বয়; এবং প্রয়োজনমত একটি ক্রান্তিকালীন বাড়ির মতো পরিবেশ যেখানে অবস্থান করে সমর্থন পাওয়া যাবে।

প্রত্যেক ক্রান্তিকালীন আবাসিক ব্যবস্থা সর্বোচ্চ আটজন কিশোরকে স্থান দিতে পারবে। এইসব আবাস শিশুদের 120 দিন প্রজন স্থান প্রদান করবে যাতে তারা নিজদের সমর্থন ব্যবস্থার সাথে মানিয়ে নিতে পারে এবং নিজেদের সম্প্রদায়ে ফেরত যাওয়ার প্রস্তুতি নিতে পারে।

মানসিক স্বাস্থ্য অফিসের কমিশনার ডাঃ অ্যান সালিভ্যান বলেন, "হাসপাতাল এবং জরুরি কক্ষ এড়িয়ে একটি সম্প্রদায়ভিত্তিক পরিবেশের আমাদের কিশোরদের সেবাদান করা সবসময়ের জন্যই একটি অগ্রাধিকার। এই সঙ্কটকালীন সময়ের ক্রান্তিকালীন কর্মসূচিটি কিশোর এবং তাদের পরিবারের জন্য একটি স্বাগত ও নিরাময়কারী সম্প্রদায়ের পরিবেশে নিবিড় সেবা প্রদান করবে। আমাদের মানসিক স্বাস্থ্য ব্যবস্থাকে বলীয়ান করতে গভর্নর হোকল তার অব্যাহত গুরুত্ব দ্বারা যেই অগ্রগামী চিন্তার পন্থা প্রদর্শন করেছেন, এই উদ্ভাবনী কর্মসূচিটি হলো তার ফলাফল।"

জটিল চাহিদা রয়েছে এবং আউটপেশেন্ট কর্মসূচিতে নাম লেখানো হয়েছে এমন কিশোরের পরিবারের জন্য অতিরিক্ত সমর্থন প্রয়োজন হতে পারে যা অবিলম্বে উপলভ্য নেই। সেবার জন্য অপেক্ষা দরকার সময় এবং তাদের সন্তানকে নিরাপদে বাড়িতে নিতে পারবে না এমন ধারণা করলে এই পরিবারসমূহকে প্রায়শই আরো দীর্ঘদিন হাসপাতালে থাকার উপর নির্ভর করতে হয়।

জটিল চাহিদা রয়েছে এমন শিশু ও কিশোরেরা, যার মধ্যে একই সাথে বিকাশগত অক্ষমতা ও মানসিক স্বাস্থ্য সমস্যা রয়েছে এমন শিশু ও কিশোর রয়েছে, তারা যথাযথ সম্প্রদায়ের সেবার জন্য অপেক্ষা করার সময় অধিক মাত্রার ডিসচার্জ বিলম্বের সম্মুখীন হতে পারে। জটিল আচরণগত চাহিদাসহ কিশোর, বিশেষ ওরে যাদের এই মাত্রার সেবার প্রয়োজন নেই, তাদের জন্য অতিরিক্ত সময় হাসপাতালে থাকার একটি নেতিবাচক প্রভাব পড়তে পারে।

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্যসেবা অ্যাসোসিয়েশন (Healthcare Association of New York State) সম্প্রতি ফেব্রুয়ারি মাসে প্রকাশিত একটি প্রতিবেদনে এইসব সমস্যার উপর আলোকপাত করে, সেখানে বলা হয় যে 2022 সালে 52টি হাসপাতালে করা একটি জরিপে দেখা যায় যে শিশুসহ 500 এর বেশি ব্যক্তি ডিসচার্জের জন্য প্রস্তুত থাকার এক মাস বা আরো বেশি সময় হাসপাতালেই থেকে গেছে। অন্যান্য সুপারিশের মধ্যে, প্রতিবেদনটি বুদ্ধিগত বা বিকাশগত অক্ষমতাসহ

ব্যক্তিদের জন্য সঙ্কটকালীন বিরাম ক্রান্তিকালীন কর্মসূচির আহ্বান করেছে যাতে করে তারা একটি আউটপেশেন্ট কর্মসূচিতে স্থান পাওয়ার অপেক্ষা করার সময় সহজেই অত্যাবশ্যকীয় সেবার অ্যাক্সেস পেতে পারে।

স্টেটব্যাপী এই সমস্যার সমাধানে অপরিহার্য, শিশুদের সেবাদানকারী অন্যান্য নিউ ইয়র্ক স্টেটের এজেন্সির সাথে ঘনিষ্ঠ সহযোগিতায় এই কর্মসূচির মডেলটি তৈরি করা হয়েছে। এর মধ্যে রয়েছে স্টেটের শিশু ও পরিবার পরিষেবা অফিস (Office of Children and Family Services, OCFS), স্টেটের বিকাশগত অক্ষমতাসহ মানুষের অফিস (Office for People with Developmental Disabilities, OPWDD), স্টেটের শিক্ষা বিভাগ (Department of Education) এবং শিশু ও পরিবার বিষয়ক পরিষদ (Council on Children and Families)।

শিশু ও পরিবার পরিষেবা অফিসের কমিশনার ডাঃ ডামিয়া হ্যারিস-ম্যাডেন বলেন, "গভর্নর হোকল প্রদর্শন করেছেন যে তিনি বিশেষায়িত স্বাস্থ্যসেবার চাহিদা রয়েছে এমন শিশুদের জন্য ত্রাণসন্ধানী পরিবার ও সেবা প্রদানকারীদের কথা শুনছেন, যা এই বিনিয়োগ এবং অন্য একাধিক উদ্যোগ দ্বারা প্রমাণিত হয়েছে। জটিল মানসিক স্বাস্থ্য চাহিদা রয়েছে এমন শিশু ও কিশোরদের দীর্ঘদিন হাসপাতালে থাকার ব্যাপারে সিস্টেম হিমশিম খাচ্ছে, এবং স্থিতিশীলকরণের পর সীমিত ব্যবস্থা রয়েছে। তবে, এই নতুন তহবিল এবং প্রমাণভিত্তিক মডেলের ফলে পরিবারকে একত্রিত রাখা, সুস্থতার প্রচার করা, এবং হাসপাতাল থেকে ডিসচার্জ হয়ে নিজেদের সম্প্রদায়ে ফেরত যাওয়া শিশুদের জন্য একটি স্বাস্থ্যকর স্থানান্তর সম্ভব করার জন্য সরকার এবং স্বেচ্ছাসেবক এজেন্সিগুলির কাছে অতিরিক্ত সংস্থান থাকবে।"

বিকাশগত অক্ষমতাসহ ব্যক্তিদের অফিসের ভারপ্রাপ্ত কমিশনার উইলো ব্যার বলেন, "এই তহবিলের মাধ্যমে গভর্নর হোকল সেবার ক্ষেত্রে একটি শূন্যস্থান পূরণ করছেন যা একাধিক নির্ণীত রোগসহ বহু কিশোর নিউ ইয়র্কবাসীকে প্রভাবিত করে এবং যার ফলে আরো বেশি দিন অপ্রয়োজনে হাসপাতালে থাকতে হয় এবং পরিবারের জন্য বিঘ্নের সৃষ্টি হয়। এই উদ্ভাবনী সেবার অতি প্রয়োজনীয় ক্রান্তিকালীন পন্থা গঠন করতে মানসিক স্বাস্থ্য অফিস এবং অর্থপ্রাপ্তদের সাথে অংশীদারিত্ব করতে পেরে OPWDD গর্বিত।"

স্টেটের শিক্ষা কমিশনার বেটি এ রোজা বলেন, "আজকের শিক্ষার্থীরা নজিরবিহীন মাত্রার বিষণ্নতা, উদ্বেগ, একাকীত্ব, এবং বিচ্ছিন্নতার সম্মুখীন হচ্ছে। এই সমস্যাগুলি কিশোরদের জটিল প্রয়োজনের প্রতিফলন করে যার জন্য অনুরূপ জটিল সমাধান প্রয়োজন। আমাদের শিক্ষার্থীদের সুস্থতা এবং বিকাশের জন্য মানসিক স্বাস্থ্য সেবার অ্যাক্সেস পাওয়া অত্যাবশ্যকীয়। আমাদের শিশুদের সমৃদ্ধির জন্য প্রয়োজনীয় অত্যাবশ্যকীয় সমর্থন ও সংস্থান প্রদান করতে গভর্নর হোকল এবং আমাদের সরকারের অংশীদারের সাথে একত্রে অর্থপূর্ণ পদক্ষেপ গ্রহণের ব্যাপারে আমরা প্রতিশ্রুতিবদ্ধ।"

শিশু এবং পরিবার বিষয়ক পরিষদের নির্বাহী পরিচালক ভ্যানেসা থ্রিয়েট বলেন, "এই তহবিলটি নিশ্চিত করতে সাহায্য করবে যাতে পুরো নিউ ইয়র্কের শিশুরা, যারা শোষণ, অবহেলা, এবং ট্রমার শিকার বা যাদের জটিল মনস্তাত্ত্বিক এবং বুদ্ধিগত ও বিকাশগত চাহিদার জন্য আরো বিশেষায়িত বা নিবিড় সেবার প্রয়োজন রয়েছে, তারা প্রয়োজনীয় সেবা পেতে পারে। ক্রস-এজেন্সি সহযোগিতার প্রচারের দায়িত্বপ্রাপ্ত স্টেট এজেন্সি, শিশু ও পরিবার পরিষদের নির্বাহী

পরিচালক হিসেবে আমি নতুন এই কর্মসূচির ব্যাপারে বিশেষভাবে উৎসুক এবং আমাদের স্টেটের সবথেকে দুর্বল কিশোরদের সেবার সাথে সংযুক্ত করতে সেবাদানকারীদের নিবেদিত গোষ্ঠীর সাথে ঘনিষ্ঠভাবে কাজ করতে আমি উন্মুখ।"

স্টেটের সিনেটর সামরা জি ব্রোক বলেন, "অপূর্ণ জটিল চাহিদাসহ আমাদের কিশোরদের অবশ্যই এমন সেবা দিতে হবে যা পারিবারিক ট্রমাকে সর্বনিম্ন করতে ইচ্ছুক এবং দীর্ঘদিন হাসপাতালে থাকা প্রতিরোধ করে। কিশোরদের অতি গুরুত্বপূর্ণ মানসিক স্বাস্থ্য সেবার সমর্থনে গভর্নর হোকলের 90 মিলিয়ন মার্কিন ডলার পেয়ে আমরা সঠিক দিকে অগ্রসর হচ্ছি, অপূর্ণ জটিল চাহিদাসহ কিশোরেরা অবশেষে এক-এক মনোযোগ, সঙ্কটকালীন সময়ের হস্তক্ষেপ, এবং দক্ষ যত্ন লাভ করবে, কিন্তু আমরা এটিও জানি যে এখনো আরো অনেক কিছু করার প্রয়োজন রয়েছে। আমাদের পরিবারসমূহ যাতে সমৃদ্ধি করতে তাদের প্রয়োজনীয় মানসিক স্বাস্থ্য ও আচরণমূলক সমর্থন লাভ করে তা নিশ্চিত করতে গভর্নর হোকল এবং আমাদের সম্প্রদায়ের অংশীদারদের সাথে কাজ করতে আমি উন্মুখ।"

অ্যাসেম্বলি সদস্য আইলিন গান্থার বলেন, "আমাদের কিশোরেরা আমাদের ভবিষ্যৎ, এবং এবং এই বিনিয়োগটি সংগ্রাম করতে থাকা ব্যক্তিদের আরো সার্বিক, সম্প্রদায়ভিত্তিক সেবা প্রদান করবে। এইসব স্থানীয় সমর্থন ব্যবস্থাকে বলীয়ান করা হলে তা শিশুদের জন্য তাৎক্ষণিক প্রভাব নিয়ে আসবে, এছাড়াও একই সাথে আমাদের চাপপূর্ণ জরুরি কক্ষ এবং সাইকিয়াট্রিক জরুরি কক্ষের চাপ কমিয়ে দিবে। এই তহবিল এবং আমাদের কিশোরদের জীবনের এই অতি গুরুত্বপূর্ণ সময়ে তাদের সমর্থন করতে গভর্নরের নিবেদনের আমি প্রশংসা করছি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন